

# Fourth meeting of BRICS Sherpas and Sous Sherpas

December 15, 2021

## ব্রিক্স শেরপা এবং সৌস শেরপাদের চতুর্থ বৈঠক

ডিসেম্বর 15, 2021

15 ই ডিসেম্বর 2021 তারিখে 2021 সালের ভারতের সভাপতিত্বের অধীনে ব্রিক্স শেরপা এবং সৌস শেরপারা তাদের চতুর্থ এবং সমাপ্তি বৈঠকটি অনুষ্ঠিত করেছে। ভারতের ব্রিক্স শেরপা হিসেবে শ্রী সঞ্জয় ভট্টাচার্য্য, সচিব (সিপিভি এবং ওআইএ) বৈঠকের সভাপতিত্ব করেছেন।

2. বৈঠকটি এই বছরে অনুষ্ঠিত ক্রিয়াকর্মের পর্যালোচনা করার একটা সুযোগ প্রদান করেছে। ভারত তার সভাপতিত্বের জন্য যে মূল বিষয়টিকে বেছে নিয়েছে সেটি হল ' ব্রিক্স@15: ধারাবাহিকতা, দৃঢ়তা এবং ঐক্যের জন্য আন্তঃব্রিক্স সহযোগিতা'। অগ্রাধিকারগুলি হল (i) বহুপাক্ষিক ব্যবস্থার সংস্কার (ii) সন্ত্রাস বিরোধিতায় সহযোগিতা (iii) এসডিজি গুলিতে পৌঁছোবার লক্ষ্যে ডিজিটাল এবং প্রযুক্তিগত সমাধানের ব্যবহার এবং (iv) জনগনের সাথে জনগনের আদানপ্রদানকে বৃদ্ধি করা।

3. দ্বাদশ ব্রিক্স শীর্ষ সম্মেলন 2021 সালের 9ই সেপ্টেম্বর ভার্সুয়াল ফরম্যাটে অনুষ্ঠিত হয়েছিল। নেতৃত্ব দিল্লি ঘোষণাকে গ্রহণ করেছিলেন যেটি, কোভিড অতিমারীর বিরুদ্ধে লড়াই, রাজনৈতিক নিরাপত্তার উপরে ব্রিক্স দেশগুলির সহযোগী প্রচেষ্টাকে গভীর করা, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক অভিমুখ এবং ব্রিক্সকে নতুন প্রাণশক্তি প্রদান করার প্রতি তাদের অঙ্গীকারকে পুনরায় সুনিশ্চিত করেছে।

4. 2021 সালের জুন মাসের বৈঠকে ব্রিক্স বিদেশমন্ত্রীগণ, সদস্য দেশগুলির প্রতি বৈশ্বিক শাসন ব্যবস্থাকে আরও উত্তরদায়ী এবং কর্মতৎপর, কার্যকরী, স্বচ্ছ, গণতান্ত্রিক, প্রতিনিধিত্বপূর্ণ এবং বিবেচনাপূর্ণ করে গড়ে তোলার জন্য বহুপাক্ষিক ব্যবস্থাকে মজবুত এবং সংস্কার করার উপরে যৌথ বিবৃতিতে গ্রহণ করেছিলেন। সকল স্তরে ব্রিক্সে ঐক্য ভিত্তিক কার্য পদ্ধতিকে আরও মজবুত করা এবং সংরক্ষণ করার প্রতি তাদের প্রতিশ্রুতিকে পুনর্ব্যক্ত করে 2021 সালের সেপ্টেম্বর মাসে শেরপারা ব্রিক্সের পরিবর্তিত টার্মস অব মেথডকে গ্রহণ করেছিলেন।

5. বছর ধরে প্রায় 150 টি ব্রিক্স বৈঠক এবং অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল, যার মধ্যে প্রায় 20টির মত ছিল মন্ত্রী পর্যায়ের। আন্তঃব্রিক্স সহযোগিতা নতুন ক্ষেত্র বৃদ্ধি করেছে যেমন, প্রারম্ভিক ব্রিক্স ডিজিটাল স্বাস্থ্য শীর্ষ সম্মেলন এবং ব্রিক্স জল মন্ত্রীদের প্রথম বৈঠক।

6. ভারতের সভাপতিত্বে অন্যান্য সফলতাগুলির মধ্যে রয়েছে- ব্রিক্স সন্ত্রাস বিরোধিতা কার্য পরিকল্পনা, কৃষি গবেষণা মঞ্চকে ক্রিয়াশীল করা, রিমোট-সেন্সিং স্যাটেলাইটস কন্সট্রিকশন ক্ষেত্রে সহযোগিতার উপরে চুক্তি স্বাক্ষর, আমদানি ও রফতানি বিষয়ের উপরে সহযোগিতা এবং

পারস্পরিক প্রশাসনিক সহযোগিতার উপরে ব্রিক্স চুক্তি চূড়ান্ত করা এবং মানব ব্যবহারের জন্য চিকিৎসা পণ্যের নিয়ন্ত্রণের ক্ষেত্রে সহযোগিতার উপরে চুক্তিকে চূড়ান্ত করা।

7. ব্রিক্স শেরপা এবং সৌস শেরপা বৈঠকের সময়ে চীনের হাতে ব্রিক্সের সভাপতিত্বের ভার এবং হস্তান্তর রিপোর্ট তুলে দেওয়া হয়। চীনও 1 জানুয়ারী 2022 থেকে তাদের ব্রিক্স সভাপতিত্বের মেয়াদকালের অগ্রাধিকারগুলিকে পেশ করেছে।

8. ব্রিক্স শরিকরা 2021 সালের ভারতের ব্রিক্স সভাপতিত্বের প্রশংসা করেছে। কোভিড-19 এর বিধিনিষেধ থাকা সত্ত্বেও ভারতের গৃহীত কার্যকলাপের তারা প্রশংসা করেছেন, যেগুলি ধারাবাহিকতা, দৃঢ়তা এবং ঐক্যের নীতিগুলিকে শক্তিশালী করে আন্তঃব্রিক্স সহযোগিতাকে আরও মজবুত করার দিকে এগিয়ে নিয়ে গেছে। তারা স্বীকার করেছেন যে আমাদের দেশের এবং জনগণের পারস্পরিক সুবিধার্থে এই বছরে ব্রিক্স কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী হয়েছে। 2022 -এ আসন্ন চীনের ব্রিক্স সভাপতিত্বকে তাদের সম্পূর্ণ সমর্থন জানাবেন বলে ব্রিক্স শরিকরা সম্মতি জানিয়েছেন। ভারতের সভাপতিত্বের বছরে ব্রিক্স শরিকদের গঠনমূলক সহযোগিতার জন্য ভারত তাদের ধন্যবাদ জানিয়েছে, যে সময়ে ব্রিক্স আরও শক্তিশালী এবং আরও প্রাণবন্ত হয়ে পুনঃপ্রকাশিত হয়েছে।

**নিউ দিল্লি**

**ডিসেম্বর 15, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.